


এমিরেটসের নতুন সাবসক্রিপশন প্ল্যাটফর্ম 'স্কাইওয়ার্ডস+'

- A Monitor Desk Report

Date: 18 August, 2021



দুবাইঃ এমিরেটস এয়ারলাইন ও ফ্লাই দুবাইয়ের লয়ালটি প্রোগ্রাম- এমিরেটস স্কাইওয়ার্ডস তার সদস্যদের জন্য নতুন একটি সাবসক্রিপশন প্ল্যাটফর্ম 'স্কাইওয়ার্ডস+' চালু করেছে; লক্ষ্য হলো সারা বছর ধরে যাত্রীদের ব্যক্তি কেন্দ্রিক বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান।

যাত্রীদের ব্যক্তিগত চাহিদা মাথায় রেখে বিভিন্ন প্যাকেজ অফার করা হয়েছে এবং স্কাইওয়ার্ডস সদস্যরা চাহিদামতো যে কোন একটি প্যাকেজ ক্রয় করতে পারেন।

ক্লাসিক প্যাকেজের বাৎসরিক ফি ৩৯৯ মার্কিন ডলার, এডভান্সড প্যাকেজের ৬৯৯ মার্কিন ডলার এবং প্রিমিয়াম প্যাকেজের ৯৯৯ মার্কিন ডলার।

ক্লাসিক প্যাকেজে যাত্রীরা ২০ শতাংশ বোনাস স্কাইওয়ার্ডস মাইল, বছরে দুইবার বিজনেস ক্লাস লাউঞ্জ ব্যবহার এবং ৫ কেজি অতিরিক্ত ব্যাগেজ সুবিধা পাবেন।

অ্যাডভান্সড প্যাকেজে পাওয়া যাবে আপগ্রেডের ক্ষেত্রে ২০% মূলছাড়, অতিরিক্ত ১০ কেজি বা ১টি চেকড-ইন ব্যাগেজ, বছরে ৫ বার এমিরেটস বিজনেস ক্লাস লাউঞ্জ ব্যবহারের সুবিধা।

প্রিমিয়াম প্যাকেজে রয়েছে ২০% শতাংশ টায়ার মাইল বোনাস, ফ্লাইট আপগ্রেডে ২০% মূল ছাড়, বছরে ১০ বার বিজনেস শ্রেণী লাউঞ্জে ব্যবহার, অতিরিক্ত ১০ কেজি বা একটি ১টি চেকড-ইন ব্যাগেজ সুবিধা।

এমিরেটস স্কাইওয়ার্ডসের চার শ্রেণীর (ব্লু, সিলভার, গোল্ড এবং প্লাটিনাম) সদস্যরাই এই অফারটি সাবক্রাইব করতে পারবেন। স্কাইওয়ার্ডস সদস্যরা পার্টনার এয়ারলাইনে ভ্রমণ, হোটেল আবাসন, কার ভেন্টাল ব্যবহার, অবকাশ যাপন ও লাইফস্টাইল ব্র্যান্ডের পণ্য ক্রয় করাসহ অন্যান্য সুবিধা গ্রহণের মাধ্যমে স্কাইওয়ার্ডস মাইল বা পয়েন্ট অর্জন করে থাকেন। অর্জিত পয়েন্ট তারা পার্টনার এয়ারলাইনে ফ্লাইট টিকিট ক্রয়,

হোটেল আবাসনসহ বিভিন্ন সুবিধার জন্য ব্যয় করতে পারেন।